

১০৯

সেট কোড-৩৫৭

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৯

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান—১০০

[দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

নম্বর

২×১৫=৩০

১। সংক্ষেপে উত্তর লেখ :

- (ক) মুক্তিযোদ্ধাদের কতজন নিয়মিত যোদ্ধা ছিলেন?
- (খ) 'ছিয়াত্তরের মন্বন্তর' কী?
- (গ) খোদাই পাথরের দুইটি বৈশিষ্ট্য লেখ।
- (ঘ) অর্থকরী ফসল কাকে বলে?
- (ঙ) তামাক চাষকে নিবুৎসাহিত করা হচ্ছে কেন?
- (চ) একটি মৌলিক চাহিদার নাম লেখ।
- (ছ) খরার একটি প্রভাব লেখ।
- (জ) আমরা মানবাধিকার রক্ষা করব কেন?
- (ঝ) নারী ও শিশু পাচার বন্ধ হওয়া প্রয়োজন কেন?
- (ঞ) আন্তর্জাতিক নারী দিবস কত তারিখে পালন করা হয়?
- (ট) রাষ্ট্রের প্রতি তোমার একটি কর্তব্য লেখ।
- (ঠ) বিদ্যালয়ে গণতন্ত্র চর্চার একটি ক্ষেত্র লেখ।
- (ড) ত্রিপুরারা 'কের' পূজা করেন কেন?
- (ঢ) জাতিসংঘের প্রধান লক্ষ্য কী?
- (ণ) বাংলাদেশের বিজয় দিবস কবে?

**Bdpoints.com**

২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর (যে কোনো বারোটি) :

১×১২=১২

- (ক) মুক্তিযোদ্ধাদের প্রিয় স্লোগান ছিল \_\_\_\_\_।
- (খ) তিতুমির নারকেলবাড়িয়ায় \_\_\_\_\_ নির্মাণ করেন।
- (গ) বাংলার শেষ স্বাধীন নবাব ছিলেন \_\_\_\_\_।
- (ঘ) মহাস্থানগড় \_\_\_\_\_ নদীর তীরে অবস্থিত।
- (ঙ) বাংলাদেশ একটি উর্বর \_\_\_\_\_ অঞ্চল।
- (চ) শহরে আসা ছিন্নমূল মানুষেরা \_\_\_\_\_ অবস্থায় বসবাস করছে।
- (ছ) কোনো স্থানের স্বল্প সময়ের গড় তাপমাত্রা ও বৃষ্টিপাতকে \_\_\_\_\_ বলে।
- (জ) শিশু পাচার একটি \_\_\_\_\_ বিরোধী কাজ।
- (ঝ) বেগম রোকেয়া \_\_\_\_\_ সালে জনগ্রহণ করেন।
- (ঞ) নাগরিক হিসেবে নিয়মিত \_\_\_\_\_ দেওয়া আমাদের কর্তব্য।
- (ট) দেশের \_\_\_\_\_ উন্নয়নের অন্যতম শর্ত হলো দক্ষ জনশক্তি।
- (ঠ) গণতন্ত্র বলতে জনগণের \_\_\_\_\_ কে বোঝায়।
- (ড) খাসিদের ভাষার নাম \_\_\_\_\_।
- (ঢ) প্রতি বছর ২৪শে অক্টোবর \_\_\_\_\_ দিবস পালিত হয়।

৩। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল করে উত্তরপত্রে লেখ :

২×৫=১০

বাম অংশ	ডান অংশ
(ক) আমরা সম্মান করব	(i) প্রাথমিক চিকিৎসা বাস্তু।
(খ) আমার বাড়িতে রাখব	(ii) আগুন থেকে।
(গ) আমরা ব্যবহারের পর বন্ধ রাখব	(iii) বয়স্কদের।
(ঘ) আমরা সতর্ক থাকব	(iv) পরিচিত মানুষদের।
(ঙ) আমরা সংরক্ষণ করব	(v) গ্যাসের চুলা
	(vi) ধনীদের।
	(vii) পার্ক ও খেলার মাঠ।

৪। যে কোনো আটটি প্রশ্নের উত্তর লেখ :

৬×৮=৪৮

- (ক) মুক্তিযুদ্ধে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল? কেন ভাগ করা হয়েছিল? মুক্তিযুদ্ধে মুক্তিযোদ্ধাদের চারটি অবদান লেখ। ১+১+৪=৬
- (খ) পলাশির যুদ্ধ কত সালে সংঘটিত হয়েছিল? এই যুদ্ধ সংঘটিত হয়েছিল কেন? পলাশির যুদ্ধের চারটি ফলাফল লেখ। ১+১+৪=৬
- (গ) সোমপুর মহাবিহার কোন বিভাগে অবস্থিত? এটিকে কেন মহাবিহার বলা হয়? সোমপুর মহাবিহার সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+১+৪=৬
- (ঘ) কুটির শিল্প কী? এটি গুরুত্বপূর্ণ কেন? আমাদের দেশের চারটি কুটির শিল্পের নাম লেখ। ১+১+৪=৬
- (ঙ) জনসংখ্যা সমস্যা কী? এ সমস্যা সমাধান প্রয়োজন কেন? জনসংখ্যা সমস্যা সমাধানের চারটি উপায় লেখ। ১+১+৪=৬
- (চ) নদীভাঙন কী? নদীর স্বাভাবিক প্রবাহ বাধাশ্রুত হয় কেন? নদীভাঙনের চারটি মানবসৃষ্ট কারণ লেখ। ১+১+৪=৬
- (ছ) অটিজম কী? অটিস্টিক শিশুদের বিকশিত হওয়া প্রয়োজন কেন? অটিস্টিক শিশুর সাথে ভাল আচরণ করার চারটি উপায় লেখ। ১+১+৪=৬
- (জ) বেগম রোকেয়া কোথায় অনুসন্ধান করেন? তাঁকে নারী জাগরণের অগ্রদূত বলা হয় কেন? নারীর উন্নয়নে বেগম রোকেয়ার চারটি অবদান লেখ। ১+১+৪=৬
- (ঝ) সমাজ কী? মানুষ সমাজে বাস করে কেন? সমাজকে সুন্দর রাখার চারটি উপায় লেখ। ১+১+৪=৬
- (ঞ) সার্ক কী? এটি কেন গঠিত হয়েছিল? সার্ক গঠনের চারটি উদ্দেশ্য লেখ। ১+১+৪=৬